# www.priofaridpur.com




**নদী গবেষণা ইন্সটিটিউট**

**১৯৭৭ সাল**

**ফরিদপুর-বরিশাল বিশ্বরোড, হারুকান্দি, ফরিদপুর সদর**

পানিসম্পদ মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত জাতীয় প্রতিষ্ঠান। নদী গবেষণা ইনস্টিটিউট দেশের বিভিন্ন পানিসম্পদ উন্নয়ন প্রকল্পের টেকসই পরিকল্পনা গ্রহণ, নকশা প্রণয়ন এবং ব্যবস্থাপনা বিষয়ে সরকারকে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে থাকে। এ ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রমের মধ্যে রয়েছে ভৌত নমুনা সমীক্ষাকার্য পরিচালনা (physical model studies), বিভিন্ন মৃত্তিকা পরামিতি (parameters) নির্দেশনা, বিভিন্ন নির্মাণ উপকরণের গুণাগুণ নিয়ন্ত্রণ, পানির গুণাগুণ বিশ্লেষণ, নদীবাহিত তলদেশীয়, ভাসমান এবং দ্রবীভূত পলল বিশ্লেষণ।

নদী গবেষণা ইনস্টিটিউট ১৯৭৭ সালে ঢাকায় প্রতিষ্ঠিত হয় এবং ১৯৮৪ সালে এটি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের (বিডব্লিউডিবি) হাইড্রলিক গবেষণাগার হিসেবে পরিবৃদ্ধি লাভ করে । ১৯৮৯ সালে নদী গবেষণা ইনস্টিটিউট ঢাকা হতে ফরিদপুর স্থানান্তর করা হয় এবং ১৯৯১ সালের ২০ আগস্ট এ ইনস্টিটিউট এক অধ্যাদেশ বলে (অধ্যাদেশ নং ৫৩, জুলাই ১৯৯০) বিডব্লিউডিবি থেকে পৃথক হয়ে একটি জাতীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে পরিণত হয়।

ফরিদপুর শহরের উপকণ্ঠে এ প্রতিষ্ঠানের সদর দপ্তর অবস্থিত। এখানে একটি রেস্ট হাউজ এবং একটি মিলনায়তন রয়েছে।